

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫০৬৪

আগরতলা, ৪ মার্চ, ২০২৪

৪২তম আগরতলা বইমেলা

ত্রিপুরায় ককবরক ভাষা সাহিত্যের ধারা শীর্ষক আলোচনাচক্র

হাঁপানিয়াস্থিত আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে ৪২তম আগরতলা বইমেলা উপলক্ষে আজ ‘ত্রিপুরায় ককবরক ভাষা সাহিত্যের ধারা’ শীর্ষক এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। আলোচনাচক্রে অংশ নেন বিশিষ্ট কবি ও সাহিত্যিক দিপালি দেববর্মা, বিশিষ্ট লেখক ও গবেষক রবীন্দ্র কিশোর দেববর্মা এবং বিশিষ্ট সাহিত্যিক ও গবেষক বুধরায় দেববর্মা। আলোচনাচক্র সঞ্চালনা করেন বিশিষ্ট লেখক ও গবেষক নরেশ চন্দ্র দেববর্মা।
